

বিষয় : মন্ত্রণালয় ও জাতীয় সংসদের চাহিত তথ্য প্রদান সংক্রান্ত কার্যক্রমের এসওপি :

ক্রঃ নং	বিষয়	কার্যক্রম
১।	মন্ত্রণালয়, জাতীয় সংসদ থেকে পত্র প্রাপ্তি	<p>মহাপরিচালক কর্তক সংশ্লিষ্ট শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর দাখিল।</p> <p>পত্রটি যাচাই-বাছাই করা হয়। কোন শাখার সংশ্লিষ্ট জবাব/প্রশ্ন সেই শাখা হতে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের জন্য বলা। সংশ্লিষ্ট শাখাকে চাহিত সময়ের চেয়ে পূর্বেই সময়ের মধ্যে তথ্য প্রেরণের জন্য বলা/তাগাদা দেয়া।</p> <p>সংশ্লিষ্ট শাখা থেকে তথ্য পাওয়ার পর দ্রুততার সাথে চাহিদা অনুসারে বাংলা/ইংরেজীতে জবাব তৈরী করতে হয়।</p> <p>প্রদত্ত জবাব তথ্য সম্বলিত ও স্বয়ংসম্পূর্ণভাবে সংক্ষিপ্ত হতে হবে।</p> <p>প্রশ্নের জবাব/উত্তর ২ ধরনের হয়ে থাকে (১) *তারকা চিহ্নিত প্রশ্ন ও উহার জবাব/উত্তর প্রদান (২) সম্পূরক প্রশ্ন তৈরীতে জবাব/উত্তর;</p> <p>*তারকা চিহ্নিত জবাব সাধারণত সংসদ সচিবালয় থেকে চাওয়া হয়ে থাকে।</p> <p>*সম্পূরক প্রশ্ন তারকা চিহ্নিত প্রশ্ন সংশ্লিষ্ট ৫টি প্রশ্ন তৈরী এবং উহার জবাব/উত্তর তৈরী করে দিতে হয়।</p> <p>প্রশ্নের চাহি মত তথ্য প্রদানের ক্ষেত্রে জবাব/উত্তর দেশের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকাণ্ডে সরকারের সাফল্য উল্লেখ করতে হবে।</p> <p>প্রশ্নের জবাব বা উত্তর তৈরীর পর উহা অগ্রবর্তী পত্রসহ তথ্যাদি যে শাখা সংশ্লিষ্ট সেই শাখা/বিভাগের মাধ্যমে অনুমোদনের জন্য মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হয়।</p>